



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স: ক: (শিক্ষা)
স: ক: (আইসিটি)
স: ক: (সাধারণ)
স: ক: (.....)
স: প: উপা: শিক্ষা
প্র: ক:
সি: এ



নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১.১৬২

তারিখ: ১৬.৪.১৩ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত পিএইচডি শিক্ষার্থীদের থেকে ট্রাস্টের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে ফেলোশিপের জন্য আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরস্থ সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

আবেদনের নিয়ম ও শর্তাবলি:

ক. পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীবৃন্দ অনলাইনের মাধ্যমে (www.eservice.pmeat.gov.bd/mnp) আবেদন করবেন।

খ. আগামী ২৪ এপ্রিল ২০২৩ খ্রি: হতে ২৩ মে ২০২৩ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন প্রেরণের কোন সুযোগ থাকবে না।

গ. সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ (জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০) থাকতে হবে। বৃত্তির জন্য আবেদনের সর্বশেষ তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।

ঘ. অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি ও পিএইচডি রেজিস্ট্রেশনের কপি সংযোজন (Upload) করতে হবে।

ঙ. আবেদনকারী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগ প্রধানের প্রত্যয়ন এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।

চ. কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ছ. বিস্তারিত জানতে ওয়েবসাইট হতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচডি ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২ দেখা যেতে পারে।

হট লাইন: ০১৭৭৮৯৫৮৩৫৬
০১৭৭৮৯৬৪১৫৬

(আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯১২২০০

ই-মেইল: md@pmeat.gov.bd